

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩১১

২/ সালাত (নামায) (১ হান্)

পরিচ্ছেদঃ ইমামের পিছনে মুকতাদীর কিরাআত পাঠ।

باب مَا جَاءَ فِي الْقِرَاءَةِ خَلْفَ الإِمَامِ

আরবী

বাংলা

৩১১. হান্নাদ (রহঃ) উবাদা ইবনুস সামিত রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ একদিন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফজরের সালাত আদায় করলেন, তখন কিরআতে তাঁর অসুবিধার সৃষ্টি হল। সালাত শেষে তিনি বললেনঃ তোমরা তোমাদের ইমামের পিছনে কিরাআত পাঠ কর বলে দেখছি? আমরা বললামঃ কসম আল্লাহর, হাাঁ, ইয়া রাসূলাল্লাহ। তিনি বললেনঃ এরূপ করবে না। তবে উম্মুল কুরআন সূরা ফাতিহার কথা ভিন্ন। কারণ যে ব্যক্তি তা পাঠ করে না, তার সালাত হয় না। - যইফ আবু দাউদ ১৪৬, তিরমিজী হাদিস নম্বরঃ ৩১১ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবৃ হুরায়রা, আয়িশা, আনাস, আবৃ কাতাদা, আবদুল্লাহ ইবনু আমর রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ উবাদা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান।



মাহমূদ ইবনু রাবী (রহঃ) উবাদা ইবনুস সামিত রাদিয়াল্লাহু আনহু সূত্রে ইমাম যুহরী বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ যে ব্যক্তি ফাতিহাতুল কিতাব (সূরা ফাতিহা) পাঠ না করবে, তার সালাত হবে না। - ইবনু মাজাহ ৮৩৭, বুখারি ও মুসলিম।

এই রিওয়ায়াতটি সবচেয়ে সহীহ। অধিকাংশ সাহাবী ও তাবিঈ ইমামের পিছনে মুকতাদীর কিরাআত বিষয়ে এই হাদীস অনুসারে আমল করেছেন। ইমাম মালিক ইবনু আনাস, ইবনু মুবারক, শাফিঈ, আহমদ ও ইসহাক (রহঃ)- এর বক্তব্যও এ-ই। তাঁরা ইমামের পিছনে মুকতাদীর কিরাআত (সূরা ফাতিহা পাঠ)-এর বিধান গ্রহণ করেছেন।

English

Ubadah bin As-Samit narrated:

"Allah's Messenger prayed the Subh prayer, and he had difficulty with the recitation. When turned (after finishing) he said: 'I think that you are reciting behind your Imam?'" He said: "We said: 'Yes, Messenger of Allah, by Allah!' He said: 'Do not do that, except for Umm Al-Kitab, for there is no Salat for one who does not recite it.'"

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ উবাদা ইব্নুস সামিত (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন